অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/1/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের উৎসাহ দিচ্ছেন মেপ্‌ল উইকএন্ডসে (MAPLE WEEKENDS) অংশগ্রহণ করার জন্য কৃষি এবং পর্যটন শিল্পকে সমর্থন করার জন্য

লেফটনান্ট গভর্নর কর্মসূচীতে থাকা উৎপাদকদের স্বীকৃতি প্রদান করছেন এবং আসন্ন মেপ্‌ল উইকএন্ডস শুরু করেন ঋতুর প্রথম আনুষ্ঠানিক গাছ ট্যাপ করে

নিউ ইয়র্ক স্টেট গ্রোন অ্যান্ড সার্টিফায়েডে (NYS Grown & Certified) অংশগ্রহণ তিনগুণেরও বেশি হয়েছে; মেপ্‌ল উৎপাদন রেকর্ড সংখ্যায় বেড়ে চলেছে

নিউ ইয়র্কবাসীদের উৎসাহ দেওয়া হচ্ছে মেপ্‌ল উইকেন্ডে অংশগ্রহণ করার জন্য যা স্টেট জুড়ে 180টি অবস্থানে অনুষ্ঠিত হচ্ছে মার্চ 23-24 এবং মার্চ 30-31 এ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট গ্রোন ও সার্টিফায়েড কর্মসূচীতে মেপ্‌ল উৎপাদকদের অংশগ্রহণ তিনগুণেরও বেশি হয়েছে গত বছর থেকে, স্টেট জুড়ে 50 জনেরও বেশি উৎপাদক এখন এই বিপণন কর্মসূচীতে অংশগ্রহণ করছেন। কর্মসূচীটি নিউ ইয়র্কের মেপ্‌ল উৎপাদনকারীদের এক্সপোজার বাড়াবে, যারা রাষ্ট্রে দ্বিতীয় স্থানে আছে সিরাপ উৎপাদনে এবং প্রতি বছর আনুমানিক 141 মিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক প্রভাব উৎপাদন করছে। বার্ষিক মেপ্‌ল উইকেন্ডস যা মার্চ 23-24 এবং মার্চ 30-31 এর জন্য নির্ধারিত, ক্রমবর্ধমান মেপ্‌ল শিল্পকে খ্যাতির কেন্দ্রবিন্দুতে নিয়ে আসবে এবং গ্রোন অ্যান্ড সার্টিফায়েড কর্মসূচীতে থাকা উৎপাদকদের সচেতনতা বৃদ্ধি করবে।

"আমাদের কঠোর পরিশ্রমী উৎপাদকরা পৃথিবীর সেরা কিছু পণ্য তৈরি করে এবং তারা স্টেটের কৃষি এবং পর্যটন শিল্পের এক অবিচ্ছেদ্য অংশ", **গভর্নর কুওমো বলেছেন।** "পরের পুরো মাস জুড়ে প্রায় 200টি স্থানে বিভিন্ন ঘটনা অনুষ্ঠিত হচ্ছে, আমি নিউ ইয়র্কবাসীদের এবং পর্যটকদের একটি স্থানীয় খামারে যেতে উৎসাহ দিচ্ছি এবং এই দীর্ঘকালীন ঐতিহ্যের অভিজ্ঞতা করতে এবং তাদের স্থানীয় অর্থনীতিকে সমর্থন করতে বলছি।"

আসন্ন মেপ্‌ল উইকেন্ডস উদযাপন করতে, লেফটনান্ট গভর্নর ক্যাথি হোচুল ঋতুর প্রথম গাছ-ট্যাপ করার অনুষ্ঠানে অংশগ্রহণ করেন স্মিথস মেপ্‌ল ফার্মে (Smith's Maple Farm), বোস্টন, ইরি কাউন্টিতে।

"স্টেট জুড়ে খামারগুলিতে যাওয়া এবং মেপ্‌ল উইকেন্ডস উদযাপন করা হল আমার বসন্তের সব ছেয়ে গুরুত্বপূর্ণ কাজ", **বলেন লেফটনান্ট গভর্নর ক্যাথি হোচুল, যিনি আজ একটি মেপ্‌ল গাছ ট্যাপ করার অনুষ্ঠানে অংশগ্রহণ করলেন স্মিথস মেপ্‌ল ফার্মে উৎসব শুরু করার জন্য।** "বছরের এই সময়ে আমি বার্ষিক প্যানকেক প্রাতঃরাশে নিয়মিত যাই মেপ্‌ল সিরাপের বহুবিধ ব্যবহারগুলি প্রদর্শন করতে। আমি নিজে চোখে দেখেছি কিভাবে আমাদের চাষিদের এবং তাদের পরিবারগুলি মেপ্‌ল শিল্পকে আমাদের স্টেটের গর্বের বস্তু করে

তুলেছে। এই রাষ্ট্রে নিউ ইয়র্ক মেপ্‌ল সিরাপ উৎপাদনে দ্বিতীয় স্থানে, কর্মসংস্থান তৈরি করছে এবং অর্থনীতিকে উন্নত করছে। আমরা এই শিল্পতে বিনিয়োগ করতে থাকবো এবং এর উন্নতিসাধন করতে থাকবো সাফল্য অবিরত রাখার জন্য।"

পুরো মার্চ মাস জুড়ে, স্টেট জুড়ে মেপ্‌ল খামারগুলি জনসাধারণের জন্য তাদের দরজা খুলে দেবে দেখার জন্য এবং প্যানকেক প্রাতঃরাশ খাবার জন্য, মেপ্‌ল পণ্য বিক্রি করতে এবং সিরাপ তৈরি করার প্রক্রিয়া দেখানোর জন্য, যার মধ্যে আছে প্রথাগত গাছে বালতি ঝোলানো পদ্ধতি এবং আরো আধুনিক পদ্ধতি যেখানে ভ্যাকুয়াম সিস্টেম ব্যবহার করা হয় প্রতি গাছের উতপন্ন পরিমাণ বাড়ানোর জন্য। পরের কয়েক সপ্তাহ ধরে, কৃষি কমিশনার রিচার্ড বল ও বেশ কিছু মেপ্‌ল খামার দেখতে যাবেন নিউ ইয়র্কে মেপ্‌ল শিল্পের সাফল্য উদযাপন করত।

মার্চ 23-24 এবং মার্চ 30-31 মেপ্‌ল উইকেন্ডস অনুষ্ঠিত হবে 180টিরও বেশি খামারে এবং জাদুঘরে স্টেট জুড়ে। 400,000 অতিথি মেপ্‌ল উইকেন্ডস ক্রিয়াকলাপে অংশগ্রহণ করবেন বলে আশা করা হয়, যা স্টেট জুড়ে কৃষি-পর্যটনকে বাড়িয়ে তুলবে। মেপ্‌ল উইকেন্ডস অনুষ্ঠানের একটি খোঁজা যায় এমন তালিকা এখানে উপলব্ধ।

মেপ্‌ল নিয়ে প্রচারণা

নিউ ইয়র্ক স্টেট গ্রোন ও সার্টিফায়েড কর্মসূচী নিউ ইয়র্কের কৃষি উৎপাদক এবং চাষিদের তুলে ধরার চেষ্টা করে যারা খাদ্য নিরাপত্তা এবং পরিবেশগত স্থায়িত্বের মান মেনে চলেন। মেপ্‌লের ক্ষেত্রে, নিউ ইয়র্কের মেপ্‌ল গাছ থেকে সিরাপ জোগাড় করতে হবে এবং তা নিউ ইয়র্কে প্রক্রিয়াকরণ করতে হবে। খাদ্য নিরাপত্তার মান পুরন করতে, অংশগ্রহণকারীদের সফলভাবে মেপ্‌ল খাদ্য নিরাপত্তার ক্লাস সফলভাবে সম্পূর্ণ করতে হবে, যা কর্নেল কোওপারেটিভ এক্সটেনশন (Cornell Cooperative Extension) এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক মেপ্‌ল প্রডিউসার্স অ্যাসোসিয়েশনের (Western New York Maple Producers Association) মধ্যে অংশিদারিত্বে তৈরি করা হয়েছে, এবং অবশ্যই খাদ্য নিরাপত্তার সেরা অভ্যাসগুলি অনুসরণ করতে হবে যা কর্মস্থলে অডিট করা হতে পারে।

মেপ্‌ল উৎপাদকদের অবশ্যই পরিবেশগত ব্যবস্থাপনার কর্মসূচীতে অংশগ্রহণ করতে হবে যা স্থায়িত্বের প্রচার করে এবং জঙ্গলগুলিকে স্বাস্থ্যবান এবং উৎপাদনশীল রাখে, যেমন নিউ ইয়র্ক স্টেট কৃষি পরিবেশগত ব্যবস্থাপনা কর্মসূচী (New York State Agricultural Environmental Management), যা প্রদান করা হয় সয়েল এবং ওয়াটার কঞ্জার্ভেশন ডিসট্রিক্টগুলির (Soil and Water Conservation Districts) মাধ্যমে অথবা সার্টিফায়েড ট্রি ফার্মারের (Certified Tree Farmer) মাধ্যমে যা আমেরিকান ট্রি ফার্ম (American Tree Farm) পরিচালনা করে।

যে সব মেপ্‌ল উৎপাদকরা নিউ ইয়র্ক স্টেট গ্রোন ও সার্টিফায়েড কর্মসূচীতে যোগদান করেছেন তাদের একটি বর্তমান তালিকা এখানে পাওয়া যাবে।

তা ছাড়াও, স্টেটের ওয়েলকাম সেন্টার টেস্ট নিউ ইয়র্ক মার্কেটস (Welcome Center Taste NY Markets) পুরো মার্চ মাস জুড়ে মেপ্‌লকে তাদের নজরের কেন্দ্রস্থলে রাখবে। বাজারগুলি বিশেষ প্রচারণা পরিচালনা করবে, মেপ্‌ল পণ্য আস্বাদন করতে দেবে, এবং আঞ্চলিক মেপ্‌ল অনুষ্ঠান সম্পর্কে তথ্য শেয়ার করবে।

নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার অধিদপ্তরের (Department of Agriculture and Markets) কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমি সবাইকে তাদের স্থানীয় মেপ্‌ল উৎপাদককে সমর্থন করতে উৎসাহ দিচ্ছি এই মাসে সুস্বাদু মেপ্‌ল সংক্রান্ত অর্পণগুলি - প্যানকেক প্রাতঃরাশ থেকে শিক্ষামূলক পরিদর্শন অবধি - উপভোগ করে। ঋতুর প্রথম কৃষি শস্য হল মেপ্‌ল এবং আমাদের কাছে দুর্দান্ত উৎপাদক আছেন যারা কঠিন পরিশ্রম করেন সব চেয়ে মিষ্টি পণ্য করার জন্য। আমরা তাদের খাদ্য নিরাপত্তা এবং পরিবেশগত স্থায়িত্বের উদ্দেশ্যে প্রচেষ্টাকে তুলে ধরতে পেরে গর্বিত নিউ ইয়র্ক স্টেট গ্রোন এবং সার্টিফায়েড কর্মসূচীর মাধ্যমে এবং তাদের ব্যবসা বাড়াতে সাহায্য করত পেরে।"

সিনেটের কৃষি কমিটির (Senate Agriculture Committee) সভাপতি জেন মেটজগার বলেন, "নিউ ইয়র্কের মেপ্‌ল মূলত ছোটো পরিবার-পরিচালিত ব্যবসাগুলি থেকে এবং সুস্বাদু পণ্যের এক বিশাল বৈচিত্রের সম্ভার ছাড়াও, নির্ভেজাল মেপ্‌ল একটি জঙ্গল সংরক্ষণের পুনর্নবীকরণযোগ্য স্থায়ী সংস্থান। মেপ্‌ল উইকেন্ডস বছরের এক সুন্দর সময় জনসাধারণের খামারের সফর, মেপ্‌ল সুগার তৈরির প্রক্রিয়ার প্রদর্শন এবং ঐতিহ্য উপভোগ করার, এবং অবশ্যই... আস্বাদনের!"

অ্যাসেম্বলি কৃষি কমিটির (Assembly Agriculture Committee) সভাপতি ডোনা লুপারডো বলেন, "মেপ্‌ল উইকেন্ড আপস্টেট নিউ ইয়র্কের বাদ দেওয়া যায় না এমন একটি ঘটনা। মেপ্‌ল পণ্য সব চেয়ে জনপ্রিয় পণ্যগুলির মধ্যে একটি টেস্ট নিউ ইয়র্ক দোকান এবং চাষিদের বাজারে স্টেট জুড়ে, এবং এই ধরণের ঘটনা গ্রাহকদের সুযোগ দেয় দেখতে কিভাবে সেগুলি তৈরি হয়। দেশের দ্বিতীয় বৃহত্তম উৎপাদক হিসেবে, নিউ ইয়র্ক মেপ্‌ল শিল্প আমাদের ক্রমবর্ধমান কৃষি অর্থনীতির পিছনে একটি পরিচালন শক্তি।"

নিউ ইয়র্ক স্টেট মেপ্‌ল উইকেন্ড (New York State Maple Weekend) সমন্বয়কারী কিথ স্কিবেল বলেন, "মেপ্‌ল উইকেন্ড একটি দারুন পরিবার-ভিত্তিক, মজাদার ঘটনা যা পুরো পরিবার উপভোগ করতে পারে। দুটি সপ্তাহান্ত ধরে আমাদের মেপ্‌ল উৎপাদকরা জনসাধারণকে আমন্ত্রণ করবেন তাদের সাথে খামারে যোগদান করতে কৃষিজগতের সব চেয়ে মিষ্টি পণ্য উপভোগ করতে - যা হল নির্ভেজাল নিউ ইয়র্ক মেপ্‌ল সিরাপ।"

নিউ ইয়র্ক স্টেট মেপ্‌ল প্রোডিউসার্স অ্যাসোসিয়েশনের (New York State Maple Producers Association) একজেকিউটিভ ডিরেক্টর, হেলেন টমাস বলেন, "শীতকাল যখন শেষ হচ্ছে এবং আমরা বসন্তের আগমন টের পাচ্ছি, মেপ্‌ল উইকেন্ড আমাদের কৃষি উদযাপন করার সুযোগ দিচ্ছে নতুন ঋতুর প্রথম খাদ্যের পণ্য কাটার সাথে - যা হল মেপ্‌ল সিরাপ! নিউ ইয়র্ক জুড়ে মেপ্‌ল উৎপাদকরা মেপ্‌ল উৎপাদন প্রদর্শন করতে অত্যন্ত গর্ববোধ করেন সবার জন্য উন্মুক্ত ইভেন্টের মাধ্যমে, পৃথিবীর সব চেয়ে উৎকৃষ্ট মেপ্‌ল পণ্য উৎপাদন করা কালীন।"

ওয়েস্টার্ন নিউ ইয়র্ক মেপ্‌ল প্রোডিউসার্স অ্যাসোসিয়ায়েশনের (Western New York Maple Producers Association) সভাপতি এবং জিম্পফার্স প্রোডাক্টসের মালিক (Zimpfer's Maple Products) গ্রেগ জিম্পফার বলেন, "আমরা যখন ওইয়ায়োমিং কাউন্টিতে মেপ্‌ল উইকেন্ড তৈরি করি 23 বছর আগে, এটি একটি স্থানীয় একদিনের অনুষ্ঠান ছিল", **বলেন অ্যাটিকাতে জিম্পফার মেপ্‌লের গ্রেগ জিম্পফার, মেপ্‌ল উইকেন্ডের সহ-প্রতিষ্ঠাতা।** "আমরা কখনো ভাবিনি যে এটী একটি রাজ্যব্যাপী ঘটনায় দাঁড়াবে এবং হাজারে হাজারে পরিবারদের আকৃষ্ট করবে।"

2018-র ঋতুতে মেপ্‌ল শিল্প 74 বছরের রেকর্ড তৈরি করল 806,000 গ্যালন মেপ্‌ল সিরাপ উৎপাদন করে, যা প্রায় 50 শতাংশ বৃদ্ধি গত পাঁচ বছেরের মধ্যে, USDA-র ন্যাশানাল এগ্রিকালচারাল সার্ভিস (National Agricultural Statistics Service)। জাতীয় মোট উৎপাদনের 19 শতাংশ নিউ ইয়র্কের মেপ্‌ল উৎপাদনের অবদান। মেপ্‌ল ট্যাপের সংখ্যাও বেড়ে চলেছে, 2.73 মিলিয়ন ট্যাপ উৎপাদনে ব্যবহার হয়েছে 2018 সালে, যা 1943 সাল থেকে সর্বোচ্চ সংখ্যক ট্যাপ।

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট গ্রোন এবং সার্টিফায়েড শুরু করেন 2016 সালে উচ্চমানের তৈরি এবং উৎপাদিত স্থানীয় খাদ্যের জন্য ক্রমবর্ধমান গ্রাহক চাহিদা পূরণ করার জন্য। কর্মসূচীটি নিউ ইয়র্কের উৎপাদকদের প্রত্যয়িত করে যারা উচ্চমানের খাদ্য নিরাপত্তা এবং পরিবেশগত দায়ভার বহন করেন। কৃষি ও বাজার অধিদপ্তর (Department of Agriculture and Markets) গ্রোন এবং সার্টিফায়েড উৎপাদকদের সহায়তা করে একটি বিপণন প্রচারাভিযানের মাধ্যমে যার মধ্যে আছে পণ্যের-উপরের লেবেল, প্রচারের উপাদান, যেমন নিউ ইয়র্ক স্টেট গ্রোন এবং সার্টিফায়েড ওয়েবসাইট এবং বিক্রির উপাদান।

গ্রোন এবং সার্টিফায়েড পণ্য চাষিদের বাজারে এবং বড় খুচরা বিক্রেতাদের কাছে পাওয়া যাবে, যার অন্তর্ভুক্ত টপ্‌স ফ্রেন্ডলি মারকেটস (Tops Friendly Markets), প্রাইস চপার (Price Chopper), হানাফর্ড (Hannaford), স্টুয়ার্টস শপ্‌স (Stewarts Shops), এবং শপ-রাইট (Shop-Rite)। নিউ ইয়র্ক স্টেট গ্রোন এবং সার্টিফায়েড সম্পর্কে আরো তথ্যের জন্যদেখুন certified.ny.gov, অথবা কর্মসূচীটি অনুসরণ করুন ফেসবুক, টুইটার এবং ইন্সটাগ্রামে.

যে সব উৎপাদকরা আরো জানতে আগ্রহী কিভাবে নিউ ইয়র্ক স্টেট গ্রোন এবং সার্টিফায়েড হতে হয় এবং তার জন্য যোগ্য হতে হয়, তারা কৃষি ও বাজার অধিদপ্তরের সাথে যোগাযোগ করুন (800) 554-4501 নম্বরে অথবা ইমেল করুন NYSGrownAndCertified@agriculture.ny.govতে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন